দৈনিক ইত্তেফাক

তারিখ 20 OCT 2016
পৃষ্ঠা ১৫ ... কলাম ... ৭

# শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে বিভিন্ন স্থানে কর্মসূচি পালন

**ইত্তেফাক ডেস্ক**

শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে বিভিন্ন স্থানে মাধ্যমিক পর্যায়ের নন এমপিভুক্ত শিক্ষকরা মানববন্ধন, প্রধানমন্ত্রীর বরাবর স্বারক লিপি পেশ ও আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি পালন করে। ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

**সাতক্ষীরা :** স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিওভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির বিষয়ে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের দাবিতে সাতক্ষীরায় মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। গতকাল বুধবার সকালে সাতক্ষীরা প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন কর্মসূচি পালন করেন নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন, সাতক্ষীরা জেলা শাখা। শাখার সভাপতি অধ্যক্ষ মোঃ জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য রাখেন, সংগঠনের সাধারণ সম্পাদক প্রধান শিক্ষক মোঃ মেহেদী হাসান, অধ্যক্ষ মিজানুর রহমান, প্রধান শিক্ষক সাইফুল ইসলাম, আব্দুর রফিক, আলমগীর হোসেন, আসাদুজ্জামান, কামরুল ইসলাম, হারুনার রশিদ প্রমুখ।

**সিরাজগঞ্জ :** এমপিওভুক্তির দাবিতে সিরাজগঞ্জে মানববন্ধন করেছেন ননএমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। গতকাল বুধবার বেলা ১১টায় শহরের চৌরাস্তা মোড়ের প্রেসক্লাব চত্বরে 'ননএমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন, সিরাজগঞ্জ জেলা শাখার উদ্যোগে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধন শেষে শিক্ষক নেতারা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ করেন।

ফেডারেশনের সিরাজগঞ্জ জেলা শাখার সভাপতি আব্দুল মান্নান তালুকদারের সভাপতিত্বে মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি অধ্যক্ষ এশারত আলী। আরো বক্তব্য রাখেন শিক্ষক নেতা আতিকুল ইসলাম, মোসলেম উদ্দিন, রাজিয়া সুলতানা, আল-আমিন, আসাদুজ্জামান, আব্দুল লতিফ, আলতাফ হোসেন, জাহাঙ্গীর আলম প্রমুখ।

**শেরপুর:** নন-এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা এমপিওভুক্ত করার দাবিতে শেরপুর জেলা শহরে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচি পালন করেছেন। একইসাথে তারা জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদান করেন। বুধবার দুপুরে শহরে বিক্ষোভ মিছিল শেষে থানা মোড়ে এসে দুইঘন্টাব্যাপী মানববন্ধন কর্মসূচিতে জেলার বিভিন্ন নন-এমপিওভুক্ত স্কুল ও কলেজের শিক্ষকরা অংশ নেন। মানববন্ধনের এক পর্যায়ে শিক্ষকরা ক্ষোভে-দুঃখে রাস্তায় শুয়ে প্রতিবাদ করে। তারা সরকারের কাছে দাবি জানান, অবিলম্বে এসব শিক্ষককে এমপিও'র আওতায় এনে অন্তত পরিবার-পরিজন নিয়ে বাঁচার ব্যবস্থা করা হোক। এসময় বক্তব্য রাখেন নন-এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী ফেডারেশনের জেলা শাখার সভাপতি আরিফুর রহমান, জেলা কমিউনিস্ট পার্টি'র যুগ্ম সম্পাদক মো. সোলইমান হোসেন প্রমুখ। পরে মানববন্ধন শেষে শেরপুর জেলা প্রশাসক ডা. এএম পারভেজ রহিমের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

**বগুড়া:** এমপিওভুক্তির দাবিতে বগুড়ায় মানববন্ধন কর্মসূচি পালন করেছে জেলার 'নন এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন'। বুধবার বেলা সাড়ে ১১টার দিকে শহরের সাতমাথায় এই মানববন্ধন কর্মসূচি পালিত হয়।

মানববন্ধনে চলাকালে সেখানে নন এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশনের জেলা কমিটির সভাপতি আব্দুল খালেক, সাধারণ সম্পাদক সেকেন্দার আলী প্রমুখ বক্তব্য রাখেন। বক্তারা বলেন, বর্তমান সরকার দেশের সার্বিক উন্নয়নের পাশাপাশি যুগোপযোগী শিক্ষানীতি প্রণয়নসহ শিক্ষা ক্ষেত্রে ব্যাপক উন্নতি সাধন করেছে। দেশের ৩৮ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করা হয়েছে। সম্প্রতি অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের ঘোষণাও দেওয়া হয়েছে। কিন্তু অনেক শিক্ষা প্রতিষ্ঠান এখনও এমপিওভুক্তি না করায় শিক্ষক কর্মচারীরা মানবেতর জীবন যাপন করছে।

**পাবনা:** স্বীকৃতিপ্রাপ্ত নন এমপিও শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে পাবনায় মানববন্ধন ও স্মারকলিপি প্রদান কর্মসূচি পালন করেছে নন এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন পাবনা জেলা শাখা। বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এমপিও ভুক্তির দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করে তারা। মানববন্ধন চলাকালে বক্তব্য দেন, নন এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন পাবনা জেলা শাখার সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সভাপতি অধ্যক্ষ এনামুল হক পাঠান, অধ্যক্ষ আর জাহান, প্রভাষক নান্নু মিয়া, প্রভাষক ওলিউল্লাহ, সুপার আকমল হোসেন প্রমুখ। বক্তারা বলেন, এমপিওভুক্ত না হওয়ার কারণে ১০ থেকে ১৬ বছর যাবৎ লক্ষাধিক শিক্ষক বিনাবেতনে মানবেতর জীবন যাপন করছেন। অচিরেই নন এমপিও শিক্ষা প্রতিষ্ঠান এমপিও.ভুক্তির জন্য প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন তারা।

**নওগাঁ:** শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি করার দাবিতে নওগাঁয় মানববন্ধন করেছে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন। সংগঠনের নওগাঁ জেলা শাখার আয়োজনে গতকাল বুধবার দুপুরে জেলা শহরের মুক্তির মোড়ের পাঁচ শতাধিক শিক্ষক-কর্মচারী এই মানববন্ধনে অংশ নেন। নন-এমপিও শিক্ষক-কর্মচারী ফেডারেশন নওগাঁ জেলা শাখার সভাপতি অধ্যক্ষ মইনুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন, সংগঠনের সাপাহার উপজেলা শাখার সভাপতি আনোয়ার হোসেন, আত্রাই উপজেলা শাখার সভাপতি আব্দুল মান্নান, মান্দা উপজেলা শাখার সভাপতি আব্দুস সালাম প্রমুখ।